# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৯৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি বাড়িতে অথবা তার আসবাবপত্রের কাছে সালাত আদায় করে, তারপর এমন মসজিদে আসে, যেখানে জামা‘আত হচ্ছে, তবে সেই ব্যক্তিকে দ্বিতীয়বার সালাত আদায় করার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ لِمَنْ صَلَّى فِي بَيْتِهِ أَوْ رَحْلِهِ ثُمَّ حَضَرَ مَسْجِدَ الْجَمَاعَةِ أَنْ يُصَلِّيَ معهم ثانيا

আরবী

2398 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ حَدَّثَنَا أحمد بن أبي بكر عن مالك عن زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ رَجُلٍ مِنْ بَنِي الدُّئِلِ ـ يُقَالُ لَهُ: بُسْرُ بْنُ مِحْجَنٍ ـ عَنْ أَبِيهِ أَنَّهُ كَانَ فِي مَجْلِسٍ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصَلِّي ثُمَّ رَجَعَ وَمِحْجَنٌ فِي مَجْلِسِهِ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مَنَعَكَ أَنْ تُصَلِّيَ مَعَ النَّاسِ أَلَسْتَ بِرَجُلٍ مُسْلِمٍ؟ ) قال: بلى يا رسول الله ولكني كنت قد صَلَّيْتُ فِي أَهْلِي فقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِذَا جِئْتَ فَصَلِّ مَعَ الناس وإن كنت قد صليت)

الراوي : جَابِر | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2398 | خلاصة حكم المحدث: حسن لغيره ـ ((صحيح أبي داود)) (590 ـ 591).

বাংলা

২৩৯৮. বুসর বিন মিহজান তার বাবা মিহজান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেছেন যে, তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে একটি  মাজলিসে ছিলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এসময় সালাত আদায় করছিলেন। তারপর তিনি ফিরে আসেন আর মিহজান রাদ্বিয়াল্লাহু আনহু তখনও মাজলিসে বসে ছিলেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বলেন, “লোকদের সাথে সালাত আদায় করতে তোমাকে কীসে বাঁধা দিলো? তুমি কি মুসলিম নও?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, কিন্তু আমি আমার বাড়িতে সালাত আদায় করেছি।”

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “যখন তুমি মাসজিদে আসবে, তখন তুমি লোকদের সাথে সালাত

আদায় করবে, যদিও তুমি বাড়িতে সালাত আদায় করে থাকো।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১৩২; মুসনাদ আহমাদ: ৪/৩৪; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/১০২; নাসাঈ: ২/১১২; হাকিম: ১/২৪৪; তাবারানী আল কাবীর: ২০/৬৯৭; সুনান বাইহাকী: ২/৩০০; বাগাবী: ৮৫৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৩৯৩২; শারহুস সুন্নাহ: ৩/৪৩০-৪৩১।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটির ব্যাপারে স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান লিগাইরিহী বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৫৯০-৫৯১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ বুসর বিন মিহজান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91720

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন